



### ইউআইইউতে বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) অধ্যাপক ড. আবু সুফিয়ান রচিত 'স্ট্রাকচারিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেস' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন ৫ অক্টোবর অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ প্রধান অতিথি হিসেবে বইয়ের মোড়ক উন্মোচন করেন। এতে সভাপতিত্ব করেন ইউআইইউর উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। অন্যদের মধ্যে ইউআইইউ উপ-উপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।